# আমোষ ভাববাদীর পুস্তক

## ভূমিকা

1 আমোষের বার্তা| তকোয় শহরে আমোষ নামে একজন মেষপালক
ছিলেন| উষিয় যখন যিহূদার রাজা ছিলেন এবং যোয়াশের পুত্র
যারবিয়াম যখন ইস্রায়েলের রাজা ছিলেন সেই সময়ে আমোষ
ইস্রায়েল সম্পর্কে দর্শন পেয়েছিলেন| ঘটনাটা ভূমিকম্প হবার দু বছর
আগেকার কথা|

## অরামের জন্য শাস্তি

2 আমোষ বললেন:
“সিয়োনে প্রভু সিংহের মতো গর্জন করবেন|
জেরুশালেম থেকে তাঁর কণ্ঠের উচ্চস্বর গর্জিত হবে|
মেষপালকদের সবুজ তৃণভূমি শুকিয়ে বাদামী হয়ে যাবে|
এমনকি কর্ম্মিলের শিখর শুকিয়ে যাবে|”

3 প্রভু এই কথাগুলো বলেন: “আমি অবশ্যই দম্মেশকবাসীদের
তাদের বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেব| কিন্তু কেন? কারণ তারা
লোহার তৈরী শস্য মাড়াইয়ের যন্ত্র দিয়ে গিলিয়দকে মর্দন করেছিল|
4 সেই জন্য আমি হসায়েলের বাড়ীতে (অরাম) আগুন লাগিয়ে দেব
এবং সেই আগুন বিনহদদের রাজপ্রাসাদগুলিকে ধ্বংস করবে|
5 “তাছাড়াও, আমি দম্মেশকের গেটের শক্ত শিকগুলো ভাঙব|
আবনের উপত্যকাতে যে ব্যক্তি সিংহাসনে বসে আছে তাকে আমি
সরিয়ে দেব| বৈৎ-এদনে যে রাজা রাজদণ্ড ধরে আছে তাকে আমি
নিয়ে চলে যাব| অরামের লোকরা পরাস্ত হবে এবং জনসাধারণ তাদের
কীর রাজ্যে নিয়ে যাবে|” প্রভু ঐ কথাগুলোই বলেছিলেন|

## পলেষ্টীয়দের জন্য শাস্তি

6 প্রভু এই কথাটি বলেন: “আমি সত্যিই ঘসাবাসীদের তাদের বহু
অন্যায় কাজের জন্য শাস্তি দেব| কেন? কারণ তারা একটি দেশের
সমস্ত লোককে নিয়েছিল এবং তাদের ক্রীতদাস হিসাবে ইদোমে
পাঠিয়েছিল|
7 সে জন্যে আমি ঘসার দেওয়ালে আগুন পাঠাব| এই আগুন ঘসার
উঁচু মিনার ধ্বংস করবে|
8 এবং আমি অস্দোদের সিংহাসনে যে ব্যক্তি বসে আছে তাকে
সরিয়ে দেব| অস্কিলোনে যে রাজাটি রাজদণ্ড ধরে আছে তাকে আমি
নিয়ে চলে যাব| আমি ইক্রোণর সাধারণ মানুষদের শাস্তি দেব| তখন
পলেষ্টীয়দের মধ্যে যারা এখনও পর্যন্ত জীবিত অবস্থায় বেঁচে আছে
তারা মরবে|” প্রভু ঈশ্বর ঐ কথাগুলো বলেছিলেন|

### ফৈনীকিয়র জন্য শাস্তি

9 প্রভু এই কথাগুলো বলছেন: “আমি অবশ্যই সোরের লোকদের
তাদের বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেবো| কেন? কারণ তারা
একটি সমগ্র জাতিকে সরিয়ে নিয়ে গিয়েছিল এবং ক্রীতদাস হিসেবে
তাদের ইদোমে পাঠিয়েছিল| তারা তাদের ভাইদের (ইস্রায়েল) সঙ্গে
মিলিত হয়ে যে চুক্তি করেছিল তা তারা মনে রাখেনি|
10 সে জন্যে আমি সোরের দেওয়ালে আগুন দেব| সেই আগুন
সোরের রাজপ্রাসাদগুলিকে ধ্বংস করবে|”

### ইদোমবাসীদের জন্য শাস্তি

11 প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই ইদোমের
লোকদের তাদের বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেব| কেন? কারণ
ইদোম তরবারি নিয়ে তার ভাইদের (ইস্রায়েল) পেছনে তাড়া করে ছাটে
ছিল| ইদোম কোন কৃপা দেখায়নি| ইদোমের রোধ সারা জীবন ধরে
অব্যাহত ছিল| বন্য পশুর মত ইস্রায়েলকে সে কেবল ছিঁড়েই চলেছে|
12 সে জন্য আমি তৈমনে আগুন দেব| সেই আগুন বস্রারের উঁচু
মিনারগুলো ধ্বংস করবে|”

### অম্মোনবাসীদের জন্য শাস্তি

13 প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই অম্মোনের
লোকদের তাদের বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেব| কেন? কারণ
তারা গিলিয়দে গর্ভবতী নারীদের হত্যা করেছিল| অম্মোনবাসীরা এই
কাজগুলো করেছিল এই জন্য যাতে তারা তাদের রাজ্য নিতে পারে
এবং তাদের রাজ্যকে আরো বড় করতে পারে|
14 সে জন্য আমি রব্বার দেওয়ালে আগুন দেব| সেই আগুন রব্বার
উঁচু মিনার ধ্বংস করবে| ঘূর্ণী ঝড়ের মত তাদের রাজ্যের মধ্যে বিপদ
এসে ঢুকবে|
15 তখন তাদের রাজা এবং নেতাদের নির্বাসনে নিয়ে যাওয়া হবে|
তাদের সবাইকে এক সঙ্গে নিয়ে যাওয়া হবে|” প্রভু এই কথাগুলো
বলেছিলেন|

# 2

## মোয়াবের জন্য শাস্তি

1 প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই মোয়াবের
লোকদের তাদের বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেব| কেন? কারণ
মোয়াব ইদোমের রাজার হাড়গুলোকে পুড়িয়ে চুন করে দিয়েছিল|
2 সে জন্য আমি মোয়াবে আগুন জ্বালাব এবং সেই আগুন
করিয়োতের উঁচু মিনার ধ্বংস করবে| সেখানে ভয়ঙ্কর চিৎকার এবং
শিঙার শব্দ শোনা যাবে এবং মোয়াব মারা যাবে|
3 সে জন্য আমি মোয়াবের রাজাদের শেষ করে দেব এবং
মোয়াবের সব নেতাদেরও খুন করব|” প্রভু এই কথাগুলো
বলেছিলেন|

## যিহূদার জন্য শাস্তি

4 প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই যিহূদাকে তাদের
বহু দণ্ডার্হ অপরাধের জন্যে শাস্তি দেব| কেন? কারণ তারা প্রভুর
আদেশ মান্য করতে অস্বীকার করেছিল| তারা তাঁর আদেশ পালন
করেনি| তাদের পূর্বপুরুষরা মিথ্যা বিশ্বাস করেছিল| এবং ওই একই
মিথ্যার জন্য যিহূদাবাসীরা ঈশ্বরকে অনুসরণ করা ছেড়েছিল|

5 তাই আমি যিহূদাতে আগুন লাগাব এবং সেই আগুন
জেরুশালেমের উঁচু মিনারগুলো ধ্বংস করবে|”

## ইস্রায়েলের জন্য শাস্তি

6 প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই ইস্রায়েলকে তাদের
বহু দণ্ডার্হ অপরাধের জন্য শাস্তি দেব| কেন? কারণ তারা সামান্য
রূপোর জন্য ভালো এবং নির্দোষ লোকদের বিয়ে করেছিল| এক
জোড়া জুতোর বদলে তারা গরীব লোকদের বিয়ে করেছিল|
7 তারা ওই গরীব লোকদের মাটির ওপর উপুড় করে ফেলে দিয়ে
তার ওপর দিয়ে হেঁটে গিয়েছিল| তারা সাধারণ লোকদের কষ্টের কথা
শোনাও বন্ধ করেছিল| একই স্ত্রীলোকের সঙ্গে পিতা ও পুত্রের যৌন
সম্পর্ক ছিল| তারা আমার পবিত্র নাম ধ্বংস করেছিল|
8 তারা গরীব লোকদের কাছ থেকে জামাকাপড় নিচ্ছে এবং তারা
বেদীতে পূজা করার সময় ওই কাপড়-চোপড়ের ওপরেই বসছে|
তারা গরীব লোকদের টাকা ধার দিয়েছে| এবং সঙ্গে সঙ্গে তাদের
কাপড়-চোপড়গুলো বন্ধক হিসাবে নিয়ে নিয়েছে| তারা সাধারণ
লোকদের জরিমানা দিতে বাধ্য করেছিল| এবং সেই টাকা দিয়ে তাদের
দেবতাদের মন্দিরে বসে নিজেরা পান করার জন্য দ্রাক্ষারস কিনেছিল|
9 “কিন্তু আমিই তাদের সামনে ইমোরীয়দের ধ্বংস করেছিলাম|
ইমোরীযরা এরস গাছের মতোই দীর্ঘদেহী ছিল| তারা ওক গাছের
মতোই শক্তিশালী ছিল| কিন্তু আমি তাদের ওপরকার ফল এবং
নিচেকার শিকড়গুলো নষ্ট করে দিয়েছিলাম|*
10 “আমিই সেই ঈশ্বর যিনি তোমাদের মিশর দেশ থেকে নিয়ে
এসেছিলাম| 40 বছর ধরে আমি তোমাদের মরুভূমির মধ্য দিয়ে পথ
দেখিয়ে নিয়ে গিয়েছিলাম| ইমোরীয়দের দেশ অধিকার করতে আমি
তোমাদের সাহায্য করেছিলাম|
11 আমি তোমাদের ছেলেদের কয়েক জনকে ভাববাদী
বানিয়েছিলাম| আমি তোমাদের কিছু তরুণদের নাসরীয় করেছি|

---

* **2:9: আমি  দিয়েছিলাম** এর অর্থ পিতামাতা এবং তাদের ছেলেমেয়েরা|

ইস্রায়েলের লোকরা, শোনো, সত্যি কথাটা হচ্ছে এই|” প্রভু এই
কথাগুলো বলেছিলেন|
12 “কিন্তু তোমরা নাসরীয়দের দ্রাক্ষারস পানে আসক্ত করেছিলে|
তোমরাই ভাববাদীদের ভাববাণী করতে বিরত করেছিলে|
13 তোমরা যেন আমার কাছে ভারী বোঝার মতো| অতিরিক্ত খড়
বোঝাই মালবাহী গাড়ির মতোই আমি ভারের চাপে নীচু হয়ে গিয়েছি|
14 কোন মানুষই পালাতে পারবে না- ক্ষিপ্রতম দৌড়বীরও না|
শক্তিশালী লোকরা আর শক্তিশালী থাকবে না| সৈন্যরা তাদের
নিজেদের রক্ষা করতে সমর্থ হবে না|
15 তীর-ধনুকধারী মানুষও রক্ষা পাবে না| দ্রুততম মানুষেরাও
পালাতে পারবে না| ঘোড়ায় চড়া মানুষও পালিয়ে বাঁচতে পারবে না|
16 সেই সময়, খুব সাহসী সৈন্যরা পর্যন্ত পালিয়ে যাবে| এমনকি
তারা জামা-কাপড় পর্যন্ত পরতে সময় পাবে না|” প্রভু এই কথাগুলো
বলেছিলেন|

# 3

## ইস্রায়েলের প্রতি সতর্কবাণী

1 ইস্রায়েলবাসীরা, এই বার্তাটি শোন! ইস্রায়েল, তোমাদের জন্যই
প্রভু এই কথাগুলো বলেছিলেন| এই বার্তাটি তোমাদের সব পরিবারের
(ইস্রায়েল) জন্যেই যাদের আমি মিশর দেশ থেকে নিয়ে এসেছিলাম|
2 “পৃথিবীতে অনেক পরিবার আছে| কিন্তু বিশেষভাবে জানবার
জন্য একমাত্র তোমার পরিবারকেই আমি বেছে নিয়েছিলাম| এবং
তোমরা আমার বিরুদ্ধে গিয়েছিলে| সে জন্য আমি তোমাদের সব পাপ
কাজের জন্য শাস্তি দেব|”

## ইস্রায়েলের শাস্তির কারণ

3 একমত না হলে দুজন লোক
কখনোই হাঁটতে পারবে না!
4 একটি পশুকে ধরার পরেই
একটি যুব সিংহ অরণ্যে গর্জন করে|

যদি একটি সিংহ তার গুহায় গর্জন করে
তার মানে হল সে কোন শিকার ধরেছে|
5 মাঠের মধ্যে বিছানো জালে
যদি কোন খাদ্য না থাকে,
তবে কোন পাখী উড়ে এসে
তার মধ্যে পড়বে না|
জালের মুখ তখনই বন্ধ হবে,
যখন তাতে কিছু ধরা পড়বে|
6 যদি শিঙায় সতর্ক বাঁশী বেজে ওঠে
তখনই কি মানুষ সত্যিই ভয়ে কাঁপতে থাকবে না?
যদি শহরে বিপদ আসে,
তখন বুঝতে হবে প্রভু তা ঘটিয়েছেন|

7 আমার প্রভু, আমার সদাপ্রভু কিছু করার জন্য মনস্থির করেছেন|
কিন্তু কিছু কাজ করার আগে, তিনি তাঁর সেবক ভাববাদীদের তাঁর
পরিকল্পনাগুলি না বলে থাকবেন না|
8 যদি কোন সিংহ গর্জন করে, তবে লোকে ভয় পাবে| যদি প্রভু
কথা বলেন তবেই ভাববাদীরা ভাববাণী করবে|

9-10 অস্দোদের এবং মিশরের প্রাসাদের ওপরে যাও এবং এই
বার্তাটি ঘোষণা কর: "শমরিয়ার পর্বতে চলে এস| সেখানে তুমি
বিরাট বিশৃঙ্খলা দেখতে পাবে| কারণ লোকরা জানেনা কি করে
সঠিকভাবে জীবনযাপন করতে হয়| তারা অন্য লোকদের প্রতি নিষ্ঠুর
ছিল| তারা অন্য লোকদের কাছ থেকে জিনিস নিয়ে নিত এবং ওই
জিনিসগুলো তাদের প্রাসাদে লুকিয়ে রাখত| জোর করে কেড়ে নেওয়া
জিনিসগুলোতেই তাদের কোষাগার পূর্ণ হয়ে গিয়েছিল|"

11 সেই জন্য প্রভু বলেছেন, "এক শত্রু সেই দেশে আসবে| সেই
শত্রু এসে তোমাদের শক্তি হরণ করবে| তোমাদের উঁচু মিনারে তোমরা
যেসব জিনিস লুকিয়ে রেখেছো তা সে নিয়ে যাবে|"
12 সে জন্য প্রভু বলেছেন,

“একটি সিংহ কোন মেষকে আক্রমণ করলে
এবং একজন মেষপালক মেষটিকে রক্ষা করার চেষ্টা করলে
মেষপালকটি মেষের কেবলমাত্র
কিছু অংশই বাঁচাতে পারবে৷
সে হয়ত সিংহের মুখ থেকে
মেষের দুটো পা অথবা কানের একটি অংশ টেনে নিতে পারবে৷
একই ভাবে, ইস্রায়েলের অধিকাংশ লোকই রক্ষা পাবে না৷
শমরিয়ায় যারা বাস করছে
তারা হয়ত বিছানার কেবলমাত্র একটা কোণ রক্ষা করতে পারবে,
অথবা শয্যার চাদরের এক টুকরো৷”

13 আমার সদাপ্রভু, প্রভু সর্বশক্তিমান ঈশ্বর এই কথাগুলো
বলেছেন: “এই বিষয়গুলি সম্বন্ধে যাকোবের পরিবারকে (ইস্রায়েল)
সতর্ক করে দাও৷
14 ইস্রায়েল পাপ কাজ করছে এবং আমি তাদের পাপ কাজের জন্য
শাস্তি দেব৷ যখন আমি তা করব তখন বৈথেলের বেদীগুলিও ধ্বংস
করব৷ বেদীর শৃঙ্গগুলি কেটে দেওয়া হবে এবং সেগুলো মাটিতে পড়ে
যাবে৷
15 আমি শীতকালের বাড়ীর সঙ্গে সঙ্গে গরমকালের বাড়ীও ধ্বংস
করব৷ হাতির দাঁতের বাড়ীগুলিও ধ্বংস হবে৷ বহু বাড়ী ধ্বংস হবে৷”
প্রভু ওই কথাগুলি বলেছিলেন৷

# 4

## যে নারীরা প্রেম ভালোবাসে

1 শমরিয়ার পর্বতে বাশনের যে গাভীরা চরে বেড়াচ্ছে তোমরা শোন৷
শমরিয়ার ধনী নারীদের কথাই বলা হচ্ছে৷ বাশন যর্দ্দন নদীর পূর্বতীরে
অবস্থিত একটি জায়গা৷ এই অঞ্চলের বড় বড় ষাঁড় ও গরু বিখ্যাত৷
তোমরা গরীবদের আঘাত করছ৷ তোমরা ওই গরীব মানুষদের সর্বনাশ
করছ৷ তোমরা তোমাদের স্বামীদের বলছ, “আমাদের জন্য কিছু পানীয়
আনো৷”

2 আমার প্রভু, আমার সদাপ্রভু একটি প্রতিশ্রুতি করেছিলেন, তিনি
তাঁর পবিত্রতার দ্বারা প্রতিশ্রুতি করেছিলেন তোমাদের কাছে বিপদ
আসবেই| লোকে আংটার সাহায্যে তোমাদের বন্দী হিসেবে নিয়ে যাবে|
তোমাদের সন্তানদের নিয়ে যাবার জন্য তারা বঁড়শি ব্যবহার করবে|
3 তোমাদের শহর ধ্বংস হবে| স্ত্রীলোকরা শহরের দেওয়ালের ফাটল
দিয়ে বেরিয়ে নিজেদের ওই মৃত দেহের স্তূপের ওপর নিক্ষেপ করবে|

প্রভু এই কথাটি বলেছেন,

4 "বৈথেলে যাও এবং পাপ কর! গিল্গলে গিয়ে আরো বেশী করে
পাপ কর| সকালে তোমাদের বলি উৎসর্গ কর| প্রতি তিন দিনের
উৎসবের জন্য তোমাদের শস্যের এক দশমাংশ নিয়ে এসো|
5 খামির দিয়ে তৈরি কোনো জিনিস দিয়ে ধন্যবাদ উৎসর্গ দাও|
প্রত্যেককে স্বেচ্ছা উৎসর্গের কথা বলো| ইস্রায়েল, তুমি ঐ কাজগুলো
করতে ভালবাস; সে জন্য যাও এবং সেগুলো কর|" প্রভু এই
কথাগুলো বলেছিলেন|

6 "আমার কাছে তোমরা যাতে আসো তার জন্য আমি অনেক কাজ
করেছিলাম| আমি তোমাদের কোন খাদ্য খেতে দিই নি| তোমাদের
কোন শহরেও আর কোন খাবার ছিল না| কিন্তু তোমরা আমার কাছে
ফিরে আসো নি|" প্রভু ঐ কথাগুলো বলেছিলেন|

7 "তাছাড়া আমি বৃষ্টিও বন্ধ করেছিলাম □ এবং সেটা ফসল তোলার
তিন মাস আগেকার কথা| সে জন্য কোন শস্য জন্মায় নি| তখন আমি
একটি মাত্র শহরে বৃষ্টি হতে দিয়েছি, কিন্তু অন্য কোন শহরে নয়|
দেশের একটি অংশে বৃষ্টি পড়েছিল, কিন্তু দেশের অন্য অংশের জমি
খুবই শুকনো হয়ে গিয়েছিল|
8 সে জন্য দুটি অথবা তিনটি শহরের সাধারণ মানুষরা জল পাওয়ার
জন্য অন্য শহরে কষ্ট করে গিয়েছিল □ কিন্তু সেখানে প্রত্যেক মানুষের
জন্য যথেষ্ট পরিমাণে জল ছিল না| তখনও পর্যন্ত তোমরা আমার কাছে
সাহায্যের জন্য আসো নি|" প্রভু ঐ কথাগুলো বলেছিলেন|

9 "তোমাদের ফসলগুলো রোদ এবং উত্তাপ দিয়ে আমিই মেরে
ফেলেছি| আমি তোমাদের বাগান এবং দ্রাক্ষাক্ষেত ধ্বংস করেছি|

পঙ্গপালরা তোমাদের ডুমুর গাছ এবং জলপাই গাছ খেয়ে নিয়েছে৷
কিন্তু তখনও পর্যন্ত তোমরা আমার কাছে সাহায্যের জন্য আসোনি৷”
প্রভু ঐ কথাগুলো বলেছিলেন৷
10 “আমি তোমাদের বিরুদ্ধে সংক্রামক ব্যাধি পাঠিয়েছি, মিশরে
যেরকম আমি করেছিলাম৷ আমি তরবারি দ্বারা তোমাদের যুবকদের
হত্যা করেছি৷ আমি তোমাদের ঘোড়াগুলোকে নিয়ে নিয়েছি৷ আমি
তোমাদের তাঁবুগুলোকে শব দেহের দুর্গন্ধে ভরে দিয়েছিলাম৷ কিন্তু
তখনও পর্যন্ত তোমরা সাহায্যের জন্য আমার কাছে আসোনি” প্রভু ঐ
কথাগুলো বলেছিলেন৷
11 “সদোম এবং ঘমোরাকে আমি যে ভাবে ধ্বংস করেছিলাম
তোমাদেরও সেই রকম ভাবে আমি ধ্বংস করেছিলাম এবং ঐ
শহরগুলো সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গিয়েছিল৷ তোমরা তখন আগুন
থেকে টেনে আনা জ্বলন্ত কাঠের মতোই হয়েছিলে৷ কিন্তু তখনও
পর্যন্ত তোমরা আমার কাছে সাহায্যের জন্য ফিরে আসোনি৷” প্রভু
ঐ কথাগুলো বলেছিলেন৷
12 “সে জন্য ইস্রায়েল, আমি তোমার সঙ্গে এই কাজগুলো করব৷
আমি তোমার জন্য এই কাজটি করব৷ ইস্রায়েল, তোমার ঈশ্বরের সঙ্গে
সাক্ষাৎ করবার জন্য প্রস্তুত হও৷

13 আমি কে? আমিই হচ্ছি সেই, যে পর্বতগুলোকে তৈরি করেছিলাম৷
আমি তোমাদের মনগুলোকে সৃষ্টি করেছিলাম৷
আমি লোকদের শিক্ষা দিয়েছিলাম কি করে কথা বলতে হয়৷
আমি উষাকে অন্ধকারে পরিবর্তিত করেছি৷
আমি পৃথিবীর পর্বতগুলোর ওপর দিয়ে হাঁটি৷
আমি কে? আমার নাম হচ্ছে যিহোবা, সৈন্যদলের ঈশ্বর৷”*

# 5

## ইস্রায়েলের জন্য দুঃখের গান

* **4:13: আমার  ঈশ্বর** এটা সাধারণতঃ “প্রভু ঈশ্বর সর্বশক্তিমান” হিসেবে অনুদিত হয়৷

1 ইস্রায়েলবাসীরা, এই গানটি শোন| এই বিলাপের গানটি
তোমাদেরই জন্য|

2 ইস্রায়েলের কুমারীত্ব নষ্ট হয়ে গেছে|
সে আর উঠবে না|
সে একাকী নোংরার উপর পড়ে আছে|
তাকে ওঠাবার জন্য কোন লোকই নেই|

3 প্রভু আমার, সদাপ্রভু এই কথাগুলো বলছেন:

"সৈন্যরা যারা 1000 লোককে নিয়ে শহর ত্যাগ করবে
তারা শুধু 100 জন নিয়ে ফিরে আসবে|
100 জন নিয়ে যারা শহর ছেড়ে বাইরে যাচ্ছে,
তারা কেবলমাত্র 10 জন লোক নিয়ে ফিরবে|"

## ফিরে আসার জন্য প্রভু ইস্রায়েলকে উৎসাহিত করছেন

4 ইস্রায়েলবাসীকে প্রভু এই কথাটি বলছেন:
"আমার অন্বেষণ কর এবং জীবনে বাঁচ|
5 কিন্তু বৈথেলের দিকে তাকিও না|
গিল্গলে যেও না|
সীমান্ত পেরিও না এবং বের্-শেবাতে যেও না|
গিল্গলবাসীদের কয়েদী হিসাবে নিয়ে যাওয়া হবে
এবং বৈথেল ধ্বংস হবে|
6 প্রভুর কাছে যাও এবং বেঁচে থাকো|
যদি তোমরা প্রভুর কাছে না যাও, তবে যোষেফের বাড়ীতে আগুন লাগাতে শুরু করবে|
সেই আগুন যোষেফের গৃহ ধ্বংস করবে এবং কোন মানুষই বৈথেলের সেই আগুন নেভাতে পারবে না|
7-9 সাহায্যের জন্য তোমাদের ঈশ্বরের কাছে যাওয়া উচিৎ|

ঈশ্বর প্লিয়েডস এবং ওরিওনকে* সৃষ্টি করেছিলেন|
তিনি অন্ধকারকে ভোরের আলোতে পরিবর্তিত করেছেন|
তিনি দিনকে অন্ধকারের রাত্রিতে পরিবর্তিত করেছেন|
তিনি সমুদ্রের জলকে আহবান করেছেন এবং পৃথিবীতে তাদের ঢেলে দিচ্ছেন|
তাঁর নাম হচ্ছে যিহোবা (প্রভু)|
তিনিই সেই যিনি শক্তিশালী শহরে হিংসা বাড়ান|
তিনিই সেই, যিনি একটা সুরক্ষিত শহরকে
হিংসাত্মক অপরাধ দ্বারা ধ্বংস হতে দেন|”

### ইস্রায়েলবাসীরা যে মন্দগুলো করেছে

তোমরা ধার্মিকতাকে বিষে পরিবর্তন কর
এবং ন্যায় বিচারকে হত্যা করে তা ভূপতিত কর|
10 ভাববাদীরা জনসাধারণের কাছে যায়, এবং সাধারণ মানুষ যে খারাপ কাজ করছে তার বিরুদ্ধে কথা বলে|
যে ভাববাদীরা ন্যায় এবং সহজ সত্য শেখায় লোকে তাদের ঘৃণা করে এবং লোকরা ঐ ভাববাদীদের ঘৃণা করে|
11 তোমরা গরীব লোকদের কাছ থেকে অন্যায় ভাবে কর নিচ্ছ|
তোমরা তাদের কাছ থেকে প্রচুর পরিমাণ গম নিচ্ছ|
তোমরা পাথরের টুকরো দিয়ে শৌখিন বাড়ি বানাচ্ছ|
কিন্তু তোমরা কখনই ওই বাড়িগুলোতে বাস করতে পারবে না|
তোমরা সুন্দর দ্রাক্ষাক্ষেত তৈরী করছো|
কিন্তু তোমরা কখনই ঐ দ্রাক্ষাক্ষেত থেকে তৈরী পানীয় আস্বাদ করতে পারবে না|
12 কেন? কারণ, আমি তোমাদের বহু অপরাধের খবর জানি|
তোমাদের পাপাচার খুবই খারাপ|
যে সব মানুষ ভাল কাজ করছে তাদের তোমরা আঘাত করেছ|
অপরাধ চাপা দেবার জন্য তোমরা অর্থ নিচ্ছ|

* **5:7-9: প্লিয়েডস এবং ওরিওন** দুটি বিখ্যাত নক্ষত্রগুচ্ছ|

তোমরা গরীব লোকদের তাদের মামলাগুলির সুবিচারের জন্য আদালতে আনার সুযোগ দাও না|
13 সেই সময়, বিজ্ঞ শিক্ষকরা নীরব হয়ে যাবেন|
কেন? কারণ, সময়টা খারাপ|
14 তোমরা বলো যে, ঈশ্বর তোমাদের সঙ্গে আছেন|
সে জন্যে ভাল কাজ কর, খারাপ কাজ নয়|
তাহলে তোমরা বাঁচবে
এবং প্রভু সর্বশক্তিমান ঈশ্বর সত্যিই তোমাদের সঙ্গে থাকবেন|
15 যা মন্দ তাকে ঘৃণা কর এবং যা ভাল তাকে ভালবাসো|
আদালতে ন্যায্য বিচার ব্যবস্থা ফিরিয়ে নিয়ে এসো|
হয়তো তাহলে প্রভু সর্বশক্তিমান
যোষেফের পরিবারে যাঁরা বেঁচে আছেন তাঁদের প্রতি দয়াপরবশ হবেন|

## বড় দুঃখের সময় আসছে

16 আমার সদাপ্রভু সর্বশক্তিমান ঈশ্বর বলেন,
“লোকে জনসাধারন্যে বিলাপ করবে|
সাধারণ লোক রাস্তাঘাটে কাঁদবে|
লোকে পেশাদারী বিলাপকারীদের ভাড়া করে আনবে|
17 দ্রাক্ষাক্ষেতে সাধারণ লোকরা চিৎকার করে কাঁদবে|
কারণ আমি সে পথ দিয়ে যাবার সময়ে তোমাদের শাস্তি দেব|”
প্রভু ঐ কথাগুলো বলেছিলেন|
18 তোমাদের মধ্যে কয়েক জন
প্রভুর বিচারের বিশেষ দিনটি দেখতে চাইছো|
তোমরা কেন ঐ বিশেষ দিনটি দেখতে চাইছো?
প্রভুর ঐ বিশেষ দিনটিতে অন্ধকারই নিয়ে আসবে, আলো নয়|
19 তোমরা এমন মানুষের মতো হবে যে সিংহের আক্রমণ থেকে পালাতে পারে
কিন্তু ভাল্লুকের দ্বারা আক্রান্ত হয়!
তোমরা এমন একটি লোকের মত হবে
যে নিরাপত্তার জন্য বাড়ীতে যায়

অথচ দেওয়ালে হেলান দিলেই সাপ তাকে কামড়ায়!
20 প্রভুর বিশেষ দিনটি দুঃখের হবে, আনন্দের নয়!
অন্ধকারের দিন হবে, আলোর নয়| তা নৈরাশ্যের দিন হবে
মিটমিটে আলোও সেখানে থাকবে না|

### প্রভু ইস্রায়েলের উপাসনা প্রত্যাখান করছেন

21 "আমি তোমার ছুটির দিনগুলো ঘৃণা করি!
আমি তাদের স্বীকার করবো না!
আমি তোমাদের ধর্মীয় সভাগুলো উপভোগ করতে পারি না!
22 এমনকি আমাকে উৎসর্গ করার জন্য যদি হোমবলি উৎসর্গ এবং
শস্যের উৎসর্গ দাও
আমি সেগুলো গ্রহণ করব না!
এমনকি আমি স্থূলকায় পশুগুলোর দিকে তাকাবো না
যা তুমি মঙ্গল নৈবেদ্যর জন্য উৎসর্গ কর|
23 তোমাদের চিৎকার করা গানগুলো এখান থেকে নিয়ে যাও|
আমি তোমাদের বীণার সুরও শুনতে চাই না|
24 তোমাদের দেশের মধ্যে সর্বত্র সুবিচারের ধারা জলের মতোই
সহজে বয়ে যেতে দাও|
ধার্মিকতা স্রোতের মত বয়ে যাক যেটা কখনও শুকিয়ে যাবে
না|
25 ইস্রায়েল, তোমরা 40 বছর ধরে
আমার জন্য মরুভূমিতে উৎসর্গ এবং নৈবেদ্য দিয়েছিলে|
26 কিন্তু তোমরা তোমাদের রাজা
সিক্কূত্ এবং কিয়ূনের† মূর্ত্তিও বহন করেছ|
এবং তোমরা নিজেরা তোমাদের দেবতাদের জন্য
তারা বানিয়েছিলে|
27 সে জন্য দম্মেশকের ওপারে বন্দী হিসাবে যেন
তোমাদের নিয়ে যাওয়া হয় তার ব্যবস্থা করব|"
প্রভু ঐ কথাগুলো বলেছিলেন|
তাঁর নাম সর্বশক্তিমান ঈশ্বর!

† **5:26: সিক্কুৎ এবং কিয়ূনের** এগুলি অশূরীয় দেবতাদের নাম|

# 6

## ইস্রায়েলের কাছ থেকে সুসময়টুকু নিয়ে নেওয়া হবে

1 সিয়োনের তোমরা যারা খুব আরামে জীবনযাপন করছ
এবং শমরিয়া পর্বতে যারা নিরাপত্তা অনুভব করছ তাদের জন্য খারাপ সময় আসছে|
সব চেয়ে গুরুত্বপূর্ণ জাতিতে "গুরুত্বপূর্ণ" নেতাসমূহ|
ইস্রায়েলবাসীরা তোমাদের কাছে সাহায্যের জন্য আসে|
2 কল্নীতে গিয়ে দেখো|
সেখান থেকে বৃহৎ শহর হমাতে যাও|
পলেষ্টীয়দের শহর গাতে যাও|
তোমরা কি এই রাজ্যগুলি থেকে বেশী ভাল আছো?
না| তাদের দেশগুলি তোমাদের দেশগুলির থেকে বড়|
3 তোমরা যারা খারাপ সময় এড়িয়ে যেতে চাইছ,
তারা হিংসার শাসন এমশঃ কাছে নিয়ে আসছ|
4 কিন্তু এখন তোমরা সব রকম আরাম উপভোগ করছ|
তোমরা হাতির দাঁতের খাটে শুয়ে আছো এবং তোমরা শয্যায় হাত-পা ছড়িয়ে দিয়েছ|
তোমরা আস্তাবল থেকে বাছুর
এবং মেষের দল থেকে ছোট ছোট মেষগুলো এনে খাচ্ছো|
5 তোমরা তোমাদের বীণা বাজাচ্ছো
এবং দায়ুদের মত, বাজনা বাজানো অভ্যাস করছ|
6 শৌখীন পেয়ালা থেকে তোমরা দ্রাক্ষারস পান করছ|
এবং সব চেয়ে ভালো সুগন্ধি ব্যবহার করছ|
এবং যোষেফের পরিবার যে নষ্ট হয়ে যাচ্ছে
তার জন্য মোটেই উদ্বিগ্ন নও|

7 ওই লোকরা এখন তাদের শয্যায় শরীর এলিয়ে দিয়েছে| কিন্তু
তাদের সুসময় শেষ হবে| তাদের বন্দী হিসাবে বিদেশী রাজ্যে নিয়ে
যাওয়া হবে| এবং তারাই হবে প্রথম নিয়ে যাওয়া বন্দী লোকের দল|

8 প্রভু আমার সদাপ্রভু তাঁর নাম ব্যবহার করেছেন এবং এই
প্রতিশ্রুতি করেছেন:

“যে জিনিসের জন্য যাকোব গর্ব করে সে জিনিসকে আমি ঘৃণা করি|
আমি তাদের প্রাসাদগুলিকে ঘৃণা করি|
তাই আমি শত্রুদের এই শহর
এবং এর মধ্যে সব কিছু গ্রেপ্তার করতে দেব|”

## ইস্রায়েল জাতির মধ্যে অল্প কয়েক জনই বেঁচে থাকবে

9 সেই সময়, কোন বাড়ীতে যদি দশ জনও বেঁচে থাকে তবে তারাও
মারা যাবে|
10 এবং যখন কেউ মারা যায় তখন একজন আত্মীয় সেই দেহ
নিতে আসবে যাতে সে মৃতদেহ বের করে নিয়ে গিয়ে দাহ করতে
পারে| আত্মীয়স্বজন অস্থিগুলোকে নিয়ে যাবার জন্য আসবে| আর
ঘরের পিছনে থাকা কোন লোককে উদ্দেশ্য করে চিৎকার করে বলবে,
“এখানে কি তোমার কাছে কোন মৃতদেহ আছে?”

সেই ব্যক্তিটি উত্তরে বলবে, “না!”

তখন সেই লোকটির আত্মীয় বাধা দিয়ে বলবে, “চুপ করো আমরা
প্রভুর নাম ব্যবহার করতে চাই না|”

11 দেখো, ঈশ্বর আদেশ দেবেন
এবং বৃহৎ বাড়ীগুলি টুকরো টুকরো হয়ে ভেঙ্গে পড়বে
এবং ছোট বাড়ীগুলি ছোট ছোট খণ্ডে ভেঙ্গে পড়বে|
12 ঘোড়ারা কি আলগা পাথরের উপর দিয়ে ছোটে?
না! লোকরা কি লাঙ্গল দেওয়ার জন্য গরুগুলোকে পাথরের ওপর ব্যবহার করে?
না! কিন্তু তোমরা সব কিছু উলেট ফেলো|
তোমরা ধার্ম্মিকতাকে বিষে পরিণত করেছিলে আর ন্যায় বিচারকে তিক্ত বিষে পরিণত কর|
13 তোমরা লো-দেবরে* আনন্দ কর|

* **6:13: লো-দেবর** একটি জায়গার নাম| এর অর্থ “কিছু না|”

তোমরা বলছ, “আমরা আমাদের নিজস্ব শক্তিবলে কার্নেম
অধিকার করেছি|”

14 “কিন্তু ইস্রায়েল, আমি তোমাদের বিরুদ্ধে একটি জাতিকে
পাঠাব| সেই জাতি তোমাদের সমস্ত দেশের মধ্যে গণ্ডগোলের সৃষ্টি
করবে| লেবো-হমাৎ থেকে আরবাহ্-ব্রুক পর্যন্ত সবটা জুড়ে|” প্রভু
সর্বশক্তিমান ঈশ্বর ওই কথাগুলো বলেছিলেন|

# 7

## পঙ্গপাল বিষয়ক দর্শন

1 প্রভু এই জিনিসটি আমাকে দেখিয়েছিলেন: যখন দ্বিতীয়বার
শস্য বাড়তে আরম্ভ করেছে সেই সময়ে তিনি পঙ্গপালদের তৈরী
করেছিলেন| রাজা প্রথম শস্য কেটে নেওয়ার পর এটা ছিল দ্বিতীয়
শস্য চাষ|
2 যখন পঙ্গপাল দেশের সমস্ত ঘাস ধ্বংস করে ফেলেছিল, তখন
আমি বলেছিলাম, “হে প্রভু, আমার সদাপ্রভু, দয়া করে আমাদের ক্ষমা
করুন! যাকোব কি ভাবে উদ্ধার পাবে? সে এত ক্ষুদ্র! কারণ সে খুব
দুর্বল!”
3 তখন প্রভু এই বিষয়ে তার মন পরিবর্তন করে বললেন, “এই
রকম ঘটবে না|”

## আগুনের দর্শন

4 প্রভু আমার সদাপ্রভু এই বিষয়গুলি আমাকে দেখালেন: আমি
দেখলাম প্রভু ঈশ্বর বিচারের জন্য আগুনকে ডাকছেন| সেই আগুন
গভীর সাগরকে ধ্বংস করেছিল এবং ভূমিকেও গ্রাস করতে শুরু
করেছিল|
5 তখন আমি বললাম, “হে প্রভু ঈশ্বর, দয়া করে ক্ষান্ত হোন| যাকোব
কি ভাবে রক্ষা পাবে? কারণ সে ক্ষুদ্র|”
6 তখন প্রভু এবিষয়ে তাঁর মন পরিবর্তন করে বললেন, “এই ঘটনাও
ঘটবে না|”

## ওলন দড়ির দর্শন

7 প্রভু আমাকে এই দর্শন দেখালেন: প্রভু তাঁর হাতে ওলন দড়ি
নিয়ে এক দেওয়ালের ধারে দাঁড়িয়েছিলেন|
8 প্রভু আমায় বললেন, "আমোষ, তুমি কি দেখছ?"
আমি বললাম, "একটি ওলন-দড়ি|"
তখন আমার সদাপ্রভু বললেন, "দেখ, আমি ইস্রায়েলের লোকের
মধ্যে ওলন-দড়ি রাখব| তাদের অসাধুতাকে আমি আর ফস্কাতে দেব
না| আমি কালো দাগগুলি*
9 সরিয়ে দেব| 9ইসহাকের উচ্চ স্থানগুলি ধ্বংস হবে| ইস্রায়েলের
পবিত্র স্থানগুলো পাথরের ঢিবিতে পরিণত করা হবে| আমি
যারবিয়ামের পরিবারকে আক্রমণ করে তরবারি দ্বারা হত্যা করব|"

## অমৎসিয় আমোষকে থামাতে চেষ্টা করলেন

10 অমৎসিয়, বৈথেলের প্রধান যাজক ইস্রায়েলের রাজা
যারবিয়ামের কাছে এই বার্তা পাঠালেন: "আমোষ আপনার বিরুদ্ধে
চক্রান্ত করছে| ইস্রায়েলের লোকরা যাতে আপনার বিরুদ্ধে যুদ্ধ করে
সে তার চেষ্টা করছে| সে এত কথা বলছে যে তার সব কথা এই দেশ
ধরে রাখতে পারছে না|
11 আমোষ বলছে, যারবিয়াম তরবারি দ্বারা নিহত হবে এবং
ইস্রায়েলের লোকদের বন্দী হিসাবে তাদের দেশ থেকে বের করে নিয়ে
যাওয়া হবে| "
12 আর অমৎসিয় আমোষকে বলল, "হে দর্শক যিহূদায় চলে যাও,
সেখানে খাও দাও আর প্রচার কর|
13 কিন্তু বৈথেলে আর কখনও ভাববাণী কর না| এ হল যারবিয়ামের
পবিত্র জায়গা, ইস্রায়েলের মন্দির!"
14 তখন আমোষ উত্তরে অমৎসিয়কে বললেন, "আমি একজন
পেশাগত ভাববাদী নই; এমনকি ভাববাদীদের পরিবার থেকেও নই|
আমি গো-পালন করি ও ডুমুর গাছের যত্ন নিই|

* **7:8: কালো দাগগুলি** আক্ষরিক অর্থে, "আমি ওদের নিস্কৃতি দেব না|"

15 আমি একজন মেষপালক ছিলাম| কিন্তু প্রভু মেষপাল
তত্ত্বাবধানের কাজ থেকে আমায় ডেকে নিলেন এবং বললেন, যাও
এবং আমার লোক ইস্রায়েলকে ভবিষ্যদ্বাণী কর|
16 তাই প্রভুর বার্তা শোন| তুমি আমায় ইস্রায়েলের বিরুদ্ধে কোন
ভাববাণী বলতে ও ইসহাক পরিবারের কাছে প্রচার করতে নিষেধ
করেছ|
17 কিন্তু প্রভু বলেন, তোমার স্ত্রী নগরের মধ্যে বেশ্যা হবে| তোমার
পুত্র-কন্যাদের তরবারি দ্বারা হত্যা করা হবে| অন্য লোকরা তোমার
জমি হস্তগত করে নিজেদের মধ্যে ভাগ করে নেবে আর এক বিজাতীয়
দেশে তোমার মৃত্যু হবে| ইস্রায়েলের লোকদের নিশ্চিতভাবে এই দেশ
থেকে বন্দী হিসাবে নিয়ে যাওয়া হবে| ”

# 8

### পাকা ফলের দর্শন

1 প্রভু আমাকে এই রকম দেখালেন: আমি দেখলাম এক ঝুড়ি
গ্রীষ্মের ফল|
2 প্রভু আমায় বললেন, “আমোষ তুমি কি দেখছ?”

আমি বললাম, “এক ঝুড়ি গ্রীষ্মকালীন ফল|”

তখন প্রভু আমায় বললেন, “আমার লোক ইস্রায়েলের পরিণাম এসে গেছে| আমি আর তাদের পাপ উপেক্ষা করব না|
3 মন্দিরের গানগুলি শবযাত্রার করুণ গানে পরিণত হবে| প্রভু
আমার সদাপ্রভুই আমায় এই কথাগুলো বলেছেন| চারিদিকে শবদেহ,
নীরবে লোকে সেই সব শব দেহ বহন করে এনে স্তূপ করে ফেলে
রাখবে|”

### ইস্রায়েলের ব্যবসায়ীরা কেবল টাকা উপায়ে উৎসাহী

4 তোমরা যারা অসহায় লোকদের দাবিয়ে চলো,
যারা এই দেশের দরিদ্র লোকদের ধ্বংস করতে চেষ্টা করছ,
আমার কথা শোন!
5 তোমরা ব্যবসায়ীরা বলে থাক,

“কখন অমাবস্যা গত হবে যাতে আমরা আবার বেচাকেনা করতে পারি?
কখন বিশ্রামদিন শেষ হবে
যাতে আমরা গম এনে বেচতে পারি?
তখন আমরা দাম বাড়াতে পারব
এবং মাপের পাত্র ছোট করতে পারব|*
আমরা ওজনের হের ফের করে
লোক ঠকাতে পারব|
6 গরীবরা তাদের ঋণ শোধ করতে পারবে না|
তাই আমরা তাদের ক্রীতদাসের মত কিনে নেব|
ওই সব অসহায় লোকদের
আমরা এক জোড়া জুতোর দামে কিনে নেব|
আমরা মাটিতে পড়ে যাওয়া
গম বিয়ে করব|”

7 প্রভু তার নামে প্রতিশ্রুতি করলেন, যাকোবের গর্ব|

“এই সব লোকরা যে সব কাজ করেছে তা আমি কখনই ভুলে যাব না|
8 সমস্ত দেশ ঐসব বিষয়ের জন্য কেঁপে উঠবে|
দেশে বসবাসকারী প্রতিটি লোক মৃতদের জন্য এন্দন করবে|
মিশরের নীল নদের মত সমস্ত দেশ উথাল  পাতাল করবে|”

9 প্রভু আরও বলেছেন:
“সেই সময় আমি সূর্যকে দুপুরবেলাতেই অস্তগত করব|
আকাশ পরিষ্কার থাকলেও পৃথিবীকে অন্ধকারাচ্ছন্ন করব|
10 তোমাদের ছুটির দিনগুলোকে মৃতদের জন্য শোকের দিনে পরিণত করব|
তোমাদের সমস্ত গানগুলি (মৃতদের জন্য) বিলাপ গীতে পরিণত হবে|
প্রত্যেক লোককে শোকবস্ত্র পরাব

* **8:5: তখন  পারব** আক্ষরিক অর্থে, “ঐফা ছোট ও শেকল ভারী করব|”

ও প্রত্যেকের মাথায় টাক পড়াব|
একমাত্র পুত্রের বিয়োগের
শোকের মত শোক করাব|
আর শেষটা বড় তিক্ত হবে|”

### ঈশ্বরের কথার জন্য প্রবল আকুতির সময় আসছে

11 প্রভু বলেছেন:

“দেখ, এমন দিন আসছে
যখন দেশে দুর্ভিক্ষ হবে|
লোকে তখন রুটির জন্য ক্ষুধিত
বা জলের জন্য পিপাসিত হবে না|
না, লোকে প্রভুর বাক্যের জন্য ক্ষুধিত হবে|
12 লোকে ঈশ্বরের বাক্যের জন্য
মৃত সাগর থেকে ভূমধ্য সাগর পর্যন্ত
এবং উত্তরের দেশ থেকে পূর্বের দেশ পর্যন্ত ঘুরে বেড়াবে|
লোকরা প্রভুর বাক্যের খোঁজে এখানে সেখানে ঘুরে বেড়াবে
কিন্তু তা পাবে না|
13 সেই সময় সুন্দর, তরুণ ও তরুণীরা
তৃষ্ণায় অজ্ঞান হয়ে পড়বে|
14 তারা শমরিয়ার পাপের† নামে শপথ করেছিল,
এই বলে,
হে দান, আমরা তোমার দেবতার নামে শপথ করেছি|
আমরা তোমার দেবতা বের্-শেবার নামে শপথ করছি|
কিন্তু তারা পড়ে যাবে
এবং আর কখনো উঠতে পারবে না|”

# 9

### বেদীর সামনে দণ্ডায়মান প্রভুর দর্শন

† **8:14: শমরিয়ার পাপ** শমরিয়ার বাছুর দেবতা|

1 আমি আমার সদাপ্রভুকে বেদীর পাশে দাঁড়িয়ে থাকতে দেখলাম| তিনি বললেন,

“স্তম্ভের মাথায় আঘাত কর
তাহলে সমস্ত অট্টালিকা নড়ে উঠবে|
এমনকি চৌকাঠ পর্যন্ত পড়ে যাবে|
সেই স্তম্ভ লোকেদের মাথায় ভেঙ্গে ফেল
আর তাও যদি কেউ কেউ বেঁচে থাকে
তবে আমি তরবারির দ্বারা
তাদের হত্যা করব|
পালালেও,
একজনও রক্ষা পাবে না|
2 তারা যদি পাতাল পর্যন্ত গভীর গর্ত খুঁড়ে
তার মধ্যে যায়ও
আমি তাদের সেখান থেকেও
টেনে বের করে আনব|
তারা আকাশে উঠে গেলেও
সেখান থেকে আমি তাদের নামিয়ে আনব|
3 কর্ম্মিল পর্বতের চূড়ায় লুকিয়ে থাকলেও
আমি সেখানে তাদের খুঁজে বের করব|
এবং সেখান থেকে নিয়ে আসব|
যদি তারা সমুদ্রের তলায় গিয়ে আমার কাছ থেকে লুকোবার চেষ্টা করে,
তবে আমি সেখানে সাপকে আদেশ করব আর সে তাদের কামড়াবে|
4 যদি তারা বন্দী হতে শত্রুদের সামনে যায়
তবে সেখানে আমি তরবারিকে আদেশ করব
আর তা তাদের হত্যা করবে|
হ্যাঁ, আমি তাদের উপর নজর রাখব
দেখব কিভাবে তাদের উপর অমঙ্গল আনতে পারি,
মঙ্গল নয়|”

## শাস্তি ধ্বংস পর্যন্ত

5 আমার সদাপ্রভু সর্বশক্তিমান প্রভু দেশকে স্পর্শ করলে
তা গলে যাবে|
তখন দেশে বসবাসকারী সকলে মৃতদের জন্য শোক করবে|
দেশ মিশরীয় নীল নদের মতো উথাল পাতাল করবে|
6 প্রভু তাঁর ওপরের ঘরগুলো আকাশের অধিকতর উচেচ তৈরি করেছেন|
তিনি তাঁর লোকদের পৃথিবীর ভিত্তির ওপর স্থাপন করেছেন|
তিনি সমুদ্রের জলকে ডাকেন
এবং বৃষ্টিরূপে তা দেশের ওপর ঢেলে দেন|
যিহোবা তাঁর নাম|

### ইস্রায়েলের বিনাশ সম্বন্ধে প্রভুর প্রতিশ্রুতি

7 প্রভু এই কথা বলেন:

“হে ইস্রায়েল, তুমি আমার কাছে কূশীয়দের মতো|
আমি ইস্রায়েলকে মিশর দেশ থেকে বের করে এনেছিলাম|
আমি কপ্তোর থেকে পলেষ্টীয়দের
এবং কীর থেকে অরামীয়দের বের করে এনেছিলাম|”

8 প্রভু আমার সদাপ্রভু পাপপূর্ণ রাজ্য, ইস্রায়েলের দিকে চেয়ে আছেন|
প্রভু বলেন,
“আমি পৃথিবীর বুক থেকে ইস্রায়েলকে উৎপাটন করব
কিন্তু যাকোবের পরিবারকে সম্পূর্ণভাবে ধ্বংস করব না|
9 আমি ইস্রায়েল জাতিকে ধ্বংস করবার আদেশ দিচ্ছি|
আমি ইস্রায়েলের লোকদের সমস্ত জাতির মধ্যে ছড়িয়ে দেব|
যখন সে চালনিতে শস্য ঝাড়ে
তখন ভালো শস্যগুলি চালনির ভেতর দিয়ে নীচে পড়ে
কিন্তু খারাপ ডেলাগুলি ধরা পড়ে, যাকোবের পরিবারের সঙ্গেও তেমনটি করা হবে|

10 আমার লোকদের মধ্যে পাপীরা বলে,

আমাদের কোন মন্দ ঘটবে না।
কিন্তু তাদের সবাইকে তরবারির আঘাতে হত্যা করা হবে!”

## রাজ্য পুনঃস্থাপনের জন্য ঈশ্বরের প্রতিশ্রুতি

11 “দায়ুদের তাঁবু* পতিত হয়েছে।
কিন্তু সেই সময় আমি আবার তা স্থাপন করব।
আমি দেওয়ালের গর্তগুলো সারাবো।
আমি এর ধ্বংসস্তূপ থেকে আবার গড়ব।
আমি তাকে পূর্বে যেমন ছিল
সেই ভাবে আবার গড়ে তুলব।
12 তারপর, তারা, যারা আমার নামে অভিহিত হয়,
তারা ইদোমের এবং দেশের অন্যান্য অবশিষ্ট অংশের সত্ত্ব গ্রহণ করবে।
প্রভু বলেন,
তিনি এগুলো করেন।
13 প্রভু বলেন, “সেই সময় আসছে
যখন হালবাহক শস্য ছেদকের সঙ্গে তাল মিলিয়ে পা ফেলবে।
দ্রাক্ষা মর্দনকারী, দ্রাক্ষা চয়নকারীকে ছাড়িয়ে যাবে।
পর্বত এবং উপপর্বত থেকে
মিষ্ট দ্রাক্ষারস ঝরে পড়বে।
14 আমি আমার লোকদের ইস্রায়েলকে
বন্দী দশা থেকে ফিরিয়ে আনব।
তারা ধ্বংস হয়ে যাওয়া শহরগুলি আবার গড়বে
এবং সেখানে বাস করবে।
তারা দ্রাক্ষাক্ষেত স্থাপন করবে
এবং তাদের উৎপন্ন দ্রাক্ষারস পান করবে।
তারা বাগান করবে
এবং তা থেকে ফল আহরণ করে খাবে।
15 আমি আমার লোকদের তাদের দেশে স্থায়ীভাবে বসবাস করাব।

* **9:11: দায়ুদের তাঁবু** এর অর্থ হতে পারে জেরুশালেম শহর অথবা যিহূদার দেশ।

যে দেশ আমি তাদের দিয়েছি, সেখান থেকে তাদের আর
কখনও বিচ্ছিন্ন করা হবে না।”
প্রভু তোমার ঈশ্বরই এই সব বলেছেন।

# পবিত্র বাইবেল
# Bengali Holy Bible: Easy-to-Read Version™
# পবিত্র বাইবেল

copyright © 2001-2006 World Bible Translation Center

Language: বাংলা (Bengali)

Translation by: World Bible Translation Center

This copyrighted material may be quoted up to 1000 verses without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. This copyright notice must appear on the title or copyright page:
Bengali Holy Bible: Easy-to-Read Version™ Taken from the Bengali HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2007 by World Bible Translation Center, Inc. and used by permission.
When quotations from the ERV are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials (ERV) must appear at the end of each quotation.
Requests for permission to use quotations or reprints in excess of 1000 verses or more than 50% of the work in which they are quoted, or other permission requests, must be directed to and approved in writing by World Bible Translation Center, Inc.
Address: World Bible Translation Center, Inc. P.O. Box 820648 Fort Worth, Texas 76182
Email: bibles@wbtc.com Web: www.wbtc.com
Free Downloads Download free electronic copies of World Bible Translation Center□s Bibles and New Testaments at: www.wbtc.org

2013-10-15

---

PDF generated using Haiola and XeLaTeX on 26 Jul 2025 from source files dated 31 Aug 2023
c0921fcb-8034-56ec-b69f-8fc98462f966